

যুগান্তর

ছাত্রলীগের দাবির পর শিক্ষা ভবনের তিন কর্মকর্তাকে বদলি

প্রকাশ : ২৯ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

ছাত্রলীগের সাবেক নেতাদের একটি অংশের বিক্ষেপের তিনদিনের মাথায় শিক্ষা ভবন থেকে তিন কর্মকর্তাকে ঢাকার বাইরে বদলি করা হয়েছে। পাশাপাশি ওইসব পদে ঢাকার বাইরে থেকে এনে তিন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে। একই আদেশে মোট সাতজনকে বদলি ও পদায়ন করা হয়। তবে ছাত্রলীগের বিক্ষেপের সঙ্গে তিন কর্মকর্তার বদলির কোনো সম্পর্ক নেই বলে জানিয়েছেন মন্ত্রণালয়ের এক কর্মকর্তা। সংশ্লিষ্টরা জানান, ছাত্রলীগের নেতাকর্মীদের যাদের বিরুদ্ধে অভিযোগ, তারা এখনও বহাল তবিয়তেই রয়েছেন। এদের মধ্যে একজন পরিচালকও আছেন। বদলির আদেশপ্রাপ্তরা হলেন- সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ উন্নয়ন প্রকল্পের উপপরিচালক মো. মিজানুর রহমান। তাকে তোলার ফজিলাতুম্মেসা মুজিব সরকারি মহিলা কলেজে পাঠানো হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপপরিচালক ড. জাহাঙ্গীর হোসেনকে ঝালকাঠি সরকারি কলেজে বদলি করা হয়েছে। সহকারী পরিচালক ফারহানা আক্তারকে মাঞ্জুরার হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজে বদলি করা হয়েছে।

অপরদিকে চট্টগ্রাম কলেজের সহযোগী অধ্যাপক আনিকা রাইসা চৌধুরীকে মাউশির পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপপরিচালক পদে, সরকারি তোলারাম কলেজের সহকারী অধ্যাপক মো. আবদুল কাদেরকে কলেজ শাখার সহকারী পরিচালক এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ উন্নয়ন প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক এএসএম এমদাদুল কবিরকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ উন্নয়ন প্রকল্পের উপপরিচালক পদে বদলি করা হয়েছে। নরসিংহীর সরকারি শহীদ আসাদ কলেজের সহকারী অধ্যাপক আকরাম হোসেনকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্পের সহকারী পরিচালক করা হয়েছে। প্রসঙ্গত, গত ২৫ আগস্ট ছাত্রলীগের কয়েকজন সাবেক নেতা শিক্ষাভবনে বিক্ষেপ মিছিল করেন। তারা মাউশি মহাপরিচালকের কাছে দাবি জানান, শিক্ষাভবন থেকে বিএনপি-জামায়াতপন্থী কর্মকর্তাদের বদলি করতে হবে। এ সময় তারা একজন প্রভাবশালী পরিচালক, কয়েক উপপরিচালক ও সহকারী পরিচালকের কথা জানান। তবে অভিযোগ পাওয়া গেছে, চিহ্নিত ওই পরিচালকদের একজনের পরামর্শেই উল্লিখিত কর্মকর্তাদের বদলি করা হয়েছে। বদলির আদেশপ্রাপ্তদের একজন দক্ষ ও সৎ কর্মকর্তা হিসেবে মাউশিতে পরিচিত। তিনি তার শাখার অন্যায় নির্দেশনা এড়িয়ে যেতেন। এজন্যই তিনি ওই পরিচালকের রোষানলে পড়েছেন বলে দাবি সংশ্লিষ্টদের।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।